



## যৌন নির্যাতন

### অস্ট্রেলিয়াতে কাউকে যৌন নির্যাতন করা বেআইনী।

নারী-পুরুষ নির্বিশেষে একজন যৌন নির্যাতনকারী ব্যক্তি কারাগারে যেতে পারেন।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাক্রান্ত হলে **000** নাম্বারে পুলিশকে ডাকুন।  
অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

বিনামূল্যে গোপনীয় পরামর্শ ও সহায়তার জন্য **1800 RESPECT**-এ **1800 737 732** নাম্বারে ফোন করুন।

যদি আপনার বিনামূল্যে একজন দোভাষী প্রয়োজন হয় তাহলে **131 450** নাম্বারে ফোন করুন।

### অস্ট্রেলীয় সরকার কোন অবস্থাতেই যৌন নির্যাতন সহ্য করে না।

যৌন নির্যাতন অন্য ব্যক্তির সম্মতি ছাড়া তার উপর পরিচালনা করা হয়।

যৌন নির্যাতনের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- জোরপূর্বক কারো সাথে যৌনকর্ম অথবা যৌন সম্পর্কিত ক্রিয়া সম্পন্ন করা;
- কাউকে জোরপূর্বক নীলছবি (পর্নোগ্রাফি) দেখানো; অথবা
- কোন শিশুর সাথে যৌনকর্ম অথবা যৌন সম্পর্কিত ক্রিয়া সম্পন্ন করা।

একজন সঙ্গী, স্বামী/স্ত্রী বা পরিবারের সদস্যদের উপর যৌন নির্যাতন করাও বেআইনী।

### নারীর আছে পুরুষদের সমান অধিকার।

অস্ট্রেলীয় আইন নারী ও পুরুষকে সমান অধিকার প্রদান করে।

প্রত্যেকেরই আছে সহিংসতামুক্ত ভাবে, সুখী সম্পর্ক বজায় রেখে সমাজে বসবাস করার অধিকার।

নারীদের খারাপ আচরণের শিকার হওয়া বা ক্ষতিগ্রস্ত হওয়া মেনে নিতে হবে না।

### সাহায্য করার জন্য অস্ট্রেলিয়াতে সাংস্কৃতিকভাবে সংবেদনশীল সেবা আছে।

**1800 RESPECT** হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শ সেবা (Australia's National Sexual Assault, Family and Domestic Violence Counselling service)। বিনামূল্যের এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

**1800 737 732** নাম্বারে কল করুন অথবা **1800 RESPECT**-এর ওয়েবসাইট [www.1800RESPECT.org.au](http://www.1800RESPECT.org.au) এ যান।

### আপনার কি একজন দোভাষী প্রয়োজন?

অনুবাদ এবং দোভাষী সেবা (টিআইএস) (Translating and Interpreting Service) পেতে বিনামূল্যে **131 450** নাম্বারে ফোন করুন। টিআইএস আপনাকে অন্যান্য পরিষেবাগুলোর সাথে যোগাযোগ করতে সাহায্য করবে। টিআইএস কাউন্সেলিং প্রদান করে না।